

### রেজোল্যুশন নম্বর 3

**বিশেষ পরিস্থিতিতে থাকা কমিশনারদের দূর থেকে অংশগ্রহণের অনুমোদন দিতে চার্টার রিভিশন কমিশনের রেজোল্যুশন।**

উল্লেখ্য, পাবলিক অফিসার্স ল (Public Officers Law)-এর ধারা 103-এ অনুসারে চার্টার রিভিশন কমিশন (অতঃপর এখানে "কমিশন") 7 জানুয়ারি, 2025 তারিখে একটি জনসভার আয়োজন করেন যেখানে তারা পাবলিক অফিসার্স ল (ওপেন মিটিংস ল হিসাবেও পরিচিত)-এর ধারা 7-এর শর্ত অনুসারে কমিশনের সভা পরিচালনার জন্য ভিডিওকনফারেন্সিংয়ের নির্দিষ্ট ব্যবহার অনুমোদন করার জন্য একটি রেজোল্যুশন গ্রহণের বিষয় বিবেচনা করেন; এবং

উল্লেখ্য, কমিশনের সভাসমূহে দূর থেকে অংশগ্রহণের সুযোগ কমিশনারদেরকে নমনীয়তা প্রদান করে এবং সভা প্রক্রিয়ায় বৃহত্তর অংশগ্রহণের ফলে জনগণ লাভবান হয়।

সুতরাং, এখন এই নিষ্পত্তি হোক যে ওপেন মিটিং ল এবং এই রেজোল্যুশনের শর্তাবলী মেনে কমিশনের সভা পরিচালনার ক্ষেত্রে ভিডিও কনফারেন্সিংয়ের সীমিত ব্যবহারকে অনুমোদিত করা হচ্ছে;

কমিশনের কোরাম গঠনের জন্য পর্যাপ্ত ন্যূনতম সংখ্যক কমিশনার সভাস্থলে বা এমন কোনো স্থানে সরাসরি উপস্থিত থাকবেন যেখানে জনগণ সরাসরি অংশগ্রহণ করতে পারেন; এবং

যেখানে কমিশনের সভায় কমিশনারদের কোরাম সরাসরি উপস্থিত থাকেন যেখানে জনগণও সরাসরি উপস্থিত থাকতে পারেন, সেখানে যেসকল কমিশনারের উপস্থিতি কোরামের শর্ত পূরণের জন্য প্রয়োজনীয় নয় তারা এমন সভায় যেকোনো অবস্থান থেকে জনগণকে সেই অবস্থানের অ্যাক্সেস না দিয়ে ভিডিও কনফারেন্সের মাধ্যমে অংশগ্রহণ করতে পারেন, তবে শর্ত হলো যে তাদের সরাসরি অংশগ্রহণ করতে না পারার কারণ হবে প্রতিবন্ধিতা বা বিশেষ কোনো পরিস্থিতি যার মধ্যে থাকতে পারে অসুস্থতা, কেয়ারগিভিংয়ের দায়িত্ব, এবং অন্য যেকোনো উল্লেখযোগ্য বা অপ্রত্যাশিত ঘটনা যা কমিশনারদেরকে সরাসরি উপস্থিত হওয়া থেকে বিরত রাখে; এবং

ভিডিও কনফারেন্সের মাধ্যমে অংশগ্রহণকারী কমিশনারকে এই ধরনের সভার উন্মুক্ত অংশের সময় জনগণ দেখতে পাবেন, শুনতে পাবেন ও শনাক্ত করতে পারবেন যদি না ঐ কমিশনার কোনো নির্বাহী অধিবেশনে থাকেন; এবং

কমিশনের সভায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে অংশগ্রহণে ইচ্ছুক কমিশনার এই ধরনের সভার পূর্বে তার এমন অভিপ্রায়ের ব্যাপারে নির্বাহী পরিচালককে অবহিত করবেন এবং তার সম্মতি গ্রহণ করবেন; এবং যখন কোনো কমিশনার, এই রেজোল্যুশনের শর্ত অনুসারে, কমিশনের কোনো সভায় জনগণের জন্য উন্মুক্ত নয় এমন কোনো স্থান থেকে প্রতিবন্ধিতা বা বিশেষ কোনো পরিস্থিতির কারণে ভিডিও কনফারেন্সের

মাধ্যমে অংশগ্রহণ করেন, কমিশন জনগণকে ভিডিওর মাধ্যমে প্রকৃত সময়ে এই ধরনের সভা প্রত্যক্ষ করার সুযোগ প্রদান করবেন যেখানে জনগণের মন্তব্য করার বা অংশগ্রহণ করার অনুমোদন রয়েছে; এবং

এই রেজোল্যুশনে বর্ণিত অনুমোদন যেকোনো কমিটি বা উপ-কমিটির সভাসমূহের ক্ষেত্রেও প্রযোজ্য। এই রেজোল্যুশন ৪ জানুয়ারি, ২০২৫ থেকে কার্যকর হবে।

তারিখ: ০৭ জানুয়ারি, ২০২৫